



সরকারী প্রাইমারিতে শেষ ধাপের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২৬ মে

প্রকাশিত: ১৫ - মে, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শেষ ধাপের ‘সহকারী শিক্ষক’ নিয়োগ পরীক্ষা আগামী ২৬ মে অনুষ্ঠিত হবে। শেষ ধাপে ২৯ জেলায় একযোগে লিখিত পরীক্ষা আয়োজিত হবে। সকাল ১০টায় শুরু হবে। শেষ হবে বেলা সাড়ে ১১টায়। সোমবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. এ এফ এম মনজুর কাদির সাংবাদিকদের বিষয়টি নিশ্চিত করে বলেছেন, প্রাথমিকে চলমান সহকারী শিক্ষক নিয়োগের তৃতীয় ও শেষ ধাপের পরীক্ষার সময় নির্ধারণ করা হয়েছে। এ পরীক্ষা আগামী ২৬ মে আয়োজন করার প্রস্তাৱ করা হয়েছে। ২৯ জেলায় লিখিত পরীক্ষার অনুষ্ঠিত হবে। মনজুর কাদির আৱৰ্তন বলেন, সম্প্রতি এক সভায় তৃতীয় ধাপের পরীক্ষা আয়োজনের সন্তাব্য সময় নির্ধারণ করা হয়। ২৯ জেলার জেলা প্রশাসকদের কাছে ছাড়পত্র চাওয়া হয়েছে। তাদের ছাড়পত্র পেলেই এদিন চলমান সহকারী শিক্ষক নিয়োগের শেষ ধাপের পরীক্ষা আয়োজন করা হবে। লিখিত পরীক্ষার দুই মাস পর মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। গত ২০ এপ্রিল দেশের ১২ জেলায় প্রথম ধাপের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। সেখানে প্রায় দুই লাখ প্রার্থী অংশগ্রহণ করেন। দ্বিতীয় ধাপের পরীক্ষা গত ১১ মে অনুষ্ঠিত হয়। সেখানে প্রায় তিন লাখ প্রার্থী অংশগ্রহণ করেন। আগামী ২৬ মে শেষ ধাপের পরীক্ষায় প্রায় সাড়ে চার লাখ প্রার্থীর অংশগ্রহণ করার কথা রয়েছে। চলমান সহকারী শিক্ষক নিয়োগের দুইটি ধাপে ৩২ জেলায় নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শেষ ধাপে ২৯ জেলায় একসঙ্গে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। নিয়োগ বিধিমালা অনুযায়ী পার্বত্য অঞ্চলের বাকি তিন জেলায় কোটাভিত্তিক স্থানীয়ভাবে নিয়োগ দেয়া হবে। শিক্ষক নিয়োগের তৃতীয় ধাপে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, রাজশাহী, নাটোর, নওগাঁ, যশোর, সাতক্ষীরা, খুলনা, ঝিনাইদহ, বরিশাল, সিলেট, নরসিংহদী, গাজীপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, দিনাজপুর, নীলফামারী, গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, ময়মনসিংহ, জামালপুর ও নেত্রকোণা জেলায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়াও প্রথম ধাপে মেহেরপুর, নড়াইল, চুয়াডাঙ্গা, মুস্তীগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর, ঝালকাঠি, নারায়ণগঞ্জ, বরগুনা, ফেনী, লক্ষ্মীপুর, জয়পুরহাট জেলায় এবং দ্বিতীয় ধাপে চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, মাগুরা, বাগেরহাট, শেরপুর, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, গোপালগঞ্জ, নোয়াখালী, কক্সবাজার, পিরোজপুর, পটুয়াখালী, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, পঞ্চগড়, ঠাকুরগাঁও ও লালমনিরহাট জেলায় নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ওএমআর শীট পূরণের নির্দেশনাবলী ও পরীক্ষা-সংক্রান্ত অন্যান্য তথ্য [ডিঃফিল্ড.মড়া.নফ](#) এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্রক গ্লোব জনকঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি এ ৭৯৬। কার্যালয়: জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটেন, জিপিও বাস্ট: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com)